



পুকুরে মিলল জনপ্রিয় শিশু কনটেন্ট ক্রিয়েটর দ্বীপের মরদেহ



ছবি: সংগৃহীত

হবিগঞ্জের বাছবলে পুকুরে ডুবে মারা গেছে তিন বছর বয়সী শিশু দ্বীপ শীল। সামাজিক যোগাযোগমাধ্যমে কাকার সঙ্গে ভিডিও করে পরিচিতি পেয়েছিল সে। মঙ্গলবার (১৩ অক্টোবর) দুপুরে উপজেলার নারিকেলতলা গ্রামের বাড়ির পাশের পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। দ্বীপ ওই গ্রামের বিজয় শীলের ছেলে। পরিবারের সদস্যরা জানান, দুপুর ২টা ১০ মিনিটের দিকে দ্বীপকে খুঁজে না পেয়ে খোঁজ শুরু করেন তাঁরা। প্রায় ২৫ মিনিট পর পুকুরে তার মরদেহ পাওয়া যায়। দ্বীপের কাকা বিপ্লব শীল নিউ ভিশন কেজি অ্যান্ড হাইস্কুলের সহকারী শিক্ষক। পাশাপাশি তিনি কনটেন্ট তৈরি করেন। কয়েক মাস ধরে তাঁর সঙ্গে বিভিন্ন সৃজনশীল ভিডিওতে অংশ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচিত হয়ে ওঠে দ্বীপ। বাছবল মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রুহুল আমিন তালুকদার বলেন, পানিতে ডুবে তিন বছর বয়সী দ্বীপ শীলের মৃত্যু হয়েছে। পরে পরিবারের পক্ষ থেকে তার শেষকৃত্য সম্পন্ন করা হয়। দ্বীপের মৃত্যুর খবর সামাজিক যোগাযোগমাধ্যমে জানান কাকা বিপ্লব শীল। খবরটি ছড়িয়ে পড়ার পর শিশুটির মৃত্যুতে শোক প্রকাশ করেন অনেকেই।